# রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শিক্ষা ও গবেষণা সংস্থা, বেলুড় মঠ

(ভারত সরকার দ্বারা UGC অধিনিয়ম ১৯৫৬, ধারা ৩ অনুযায়ী
ঘোষিত পরিগণিত বিশ্ববিদ্যালয়), ন্যাক A++ গ্রেড প্রাপ্ত

## সংস্কৃত ও দর্শন বিভাগ



স্বামী বিবেকানন্দের শিক্ষার আদর্শকে বাস্তবায়িত করার একটি ক্ষুদ্র প্রয়াস - রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শিক্ষা ও গবেষণা সংস্থা। ২০০৫ সালে প্রতিষ্ঠিত এই সংস্থার লক্ষ্য হল ধ্যানগম্ভীর জ্ঞানভূমি প্রাচ্য ও কর্মমুখর পাশ্চাত্যের শ্রেষ্ঠ উপাদানগুলির সংমিশ্রণে গঠিত শিক্ষার মাধ্যমে "জীবন-গঠন, মানুষ-গঠন, চরিত্র-গঠন" করা। প্রাচীন ভারতের সমৃদ্ধ সংস্কৃতি ও আধ্যাত্মিক ঐতিহ্যের সংমিশ্রণে তৈরী একটি শিক্ষাব্যবস্থার স্বপ্ন দেখতেন স্বামীজী, যেটি বৈজ্ঞানিক চিন্তাধারা, প্রযুক্তিগত দক্ষতা, বাস্তবমুখী দৃষ্টিভঙ্গি এবং দলগত কর্ম সম্পাদনের ক্ষমতা প্রভৃতি পাশ্চাত্য চিন্তাধারার দ্বারা পুষ্ট হবে। ২০০৭ সালে এই সংস্থার "স্কুল অফ ইণ্ডিয়ান হেরিটেজ"- এর অধীনে সংস্কৃত ও দর্শন বিভাগের সূচনা হয়। যুবকদের মধ্যে স্বামীজীর শিক্ষানীতিকে মজ্জাগত করার জন্য বিভিন্ন কার্যকলাপের দ্বারা বিভাগটি অক্লান্ত পরিশ্রম করে চলেছে।

**দিগ্-দর্শন ও অনুপ্রেরণার উৎস –** **["বাণী ও রচনা" গ্রন্থ থেকে স্বামী বিবেকানন্দের উক্তি]**

**ঐশ্বর্যময়ী সংস্কৃতভাষা** - "আমার সঙ্কল্প এই - প্রথমত আমাদের শাস্ত্রভাণ্ডারে সঞ্চিত, মঠ ও অরণ্যে গুপ্তভাবে রক্ষিত, অতি অল্প লোকের দ্বারা অধিকৃত ধর্মরত্নগুলিকে প্রকাশ্যে বাহির করা। আমি চাই ঐ ভাবগুলি সর্বসাধারণের সম্পত্তি হউক। এই সংস্কৃত ভাষা আমাদের গৌরব - এই সংস্কৃত ভাষার কাঠিন্যই সকল ভাবপ্রচারের এক মহান অন্তরায়, আর যতদিন না আমাদের সমগ্র জাতি উত্তমরূপে সংস্কৃতভাষা শিখিতেছে, ততদিন অন্তরায় দূরীভূত হইবে না। সুতরাং তাহাদিগকে অবশ্যই চলিত ভাষায় এই-সকল তত্ত্ব শিক্ষা দিতে হইবে। সঙ্গে সঙ্গে সংস্কৃত শিক্ষাও চলিবে। কারণ সংস্কৃতশব্দ উচ্চারণমাত্রেই জাতির মধ্যে একটা গৌরব - একটা শক্তির ভাব জাগিবে।" (৫ম খণ্ড, পৃষ্ঠা ১৮৬ – ১৮৭)

**শক্তির উৎস** – "তোমরা সংস্কৃত ভাষায় পণ্ডিত হও না কেন?... ভারতে শক্তিলাভের ইহাই রহস্য। ভারতে "সংস্কৃত ভাষা" ও "মর্যাদা" সমার্থক।" (৫ম খণ্ড, পৃ ১৫১)

**প্রয়োজন**- "চাই পাশ্চাত্য বিজ্ঞানের সঙ্গে বেদান্ত, আর মূলমন্ত্র ব্রহ্মচর্য, শ্রদ্ধা আর আত্মপ্রত্যয়।" (৯, ৪০১)

**কর্তব্য** - "তোমরা কি সাম্য, স্বাধীনতা, কার্য ও উৎসাহে ঘোর পাশ্চাত্য এবং ধর্মবিশ্বাস ও সাধনায় ঘোর হিন্দু হইতে পারো? ইহাই করিতে হইবে এবং আমরাই ইহা করিব।" (৬ষ্ঠ খণ্ড, পৃ ৩০৮)




## পাঠ্যক্রম -




- **সমন্বিত এম.এ.** - স্নাতক ৪+স্নাতকোত্তর ১-বছর। **যোগ্যতা** এইচ.এস বা সমতুল্য পরীক্ষায় ন্যূনতম ৬৫% নম্বর। SC/ST-দের ৫% ছাড। ভর্তি শুরু - জুন মাসে
- **এম.এ. অনলাইন** – ২ বছর (৪ সেমিস্টার)। **যোগ্যতা** - UGC স্বীকৃত প্রতিষ্ঠানে স্নাতকে ন্যূনতম ৫৫% নম্বর। ৫% ছাড় SC/ST-দের জন্য
- **পি.এইচ.ডি** - ৩-৫ বছর (৬-১০ সেমিস্টার)। **যোগ্যতা** - UGC স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তরে ন্যূনতম ৬৫% নম্বর। ৫% ছাড় SC/ST-দের জন্য। JRF ইত্যাদি ফেলোশিপ প্রাপ্ত শিক্ষার্থীরাই যোগ্য। ভর্তি শুরু - জুন-জুলাই মাসে
- **ব্যবহারিক সংস্কৃত** – দেড় বছর ব্যাপী ত্রিস্তরীয় সরল সংস্কৃত শিক্ষা। (অনলাইনও হয়) **যোগ্যতা** - মাধ্যমিক উত্তীর্ণ। বয়সের কোনো ঊর্ধ্বসীমা নেই। ক্লাস - প্রতি রবিবার। ভর্তি শুরু - ডিসেম্বর এবং জুন মাসে। ১) প্রাথমিক স্তর – বর্ণমালা, বাক্যগঠন ও সংস্কৃতে কথোপকথন। ২) মাধ্যমিক স্তর – ব্যাকরণে সন্ধি, কারক ইত্যাদি, অর্থসহ ভগবদ্গীতা ও উপনিষদ পাঠ। ৩) উচ্চ স্তর – সমাস, কৃদন্ত, তদ্ধিত প্রত্যয়, নির্বাচিত সাহিত্য ও প্রবন্ধলেখন
- **পাণিনীয় প্রবেশ** – ২ বছর ব্যাপী, দ্বিস্তরীয় সরল সংস্কৃত ব্যাকরণ শিক্ষা। ১) লঘুসিদ্ধান্ত-কৌমুদী – শুরু থেকে পাণিনীয় ব্যাকরণ শেখার জন্য। ২) সিদ্ধান্ত-কৌমুদী – লঘুসিদ্ধান্ত-কৌমুদীর জ্ঞানপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য। **যোগ্যতা** - মাধ্যমিক উত্তীর্ণ। বয়সের কোনো ঊর্ধ্বসীমা নেই। সরল সংস্কৃত ভাষাজ্ঞান প্রাপ্ত ব্যক্তিরাই আবেদন করতে পারে
- **জ্ঞানযজ্ঞ-পর্ব** – রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সাধুদের জন্য এক মাস ব্যাপী শাস্ত্র পড়া ও জপ-ধ্যানের ব্যবস্থা। সাধুরা যে কোনো শাস্ত্র পড়ার জন্য যোগাযোগ করতে পারেন বিভাগীয় ই-মেলে

## প্রকাশনা –




- **প্রজ্ঞালোক** - (ISSN-23205911) বিশেষজ্ঞ পরীক্ষিত (peer-reviewed) দ্বিভাষী বার্ষিক (সংস্কৃত-ইংরেজি) গবেষণা পত্রিকা
- **প্রতিভালোক** – ছাত্র-ছাত্রীদের দ্বারা সম্পাদিত বার্ষিক সংস্কৃত পত্রিকা
- **বিবেকভাস্কর** – শিক্ষার্থীদের দ্বারা সংকলিত ত্রৈমাসিক দেয়াল পত্রিকা




- **দীপশিখা** - গবেষকদের দ্বারা সম্পাদিত ত্রৈমাসিক ই-পত্রিকা
- **অলঙ্কারশাস্ত্রোপকণ্ঠম্** - কাব্যশাস্ত্রের প্রাথমিক গ্রন্থ
- **তর্কসংগ্রহঃ** - মূল, অনুবাদ, ব্যাখ্যা এবং ভাষাপরিচ্ছেদ সহ
- **উপনিষৎ-সংগ্রহঃ** (সংস্কৃতে) - ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডূক্য, তৈত্তিরীয়, ঐতরেয় ও শ্বেতাশ্বতর উপনিষদের মূলমাত্র
- **উপনিষৎ -সংগ্রহঃ** (বাংলায়) - পূর্বোক্ত বই-এর তুল্য
- **বেদমূর্তি-শ্রীরামকৃষ্ণঃ** - শ্রীরামকৃষ্ণদেব এবং শ্রীমা সারদা-দেবীর জীবনী, তাঁদের স্তোত্র ও বাণী সংগ্রহ

* **যক্ষপ্রশ্নঃ** (সংস্কৃতে) – মহাভারতের যক্ষ-যুধিষ্ঠির কথোপকথনের মূল, অন্বয়, সংস্কৃতে অন্বয়ার্থ ও সরলার্থ এবং ভারতকৌমুদী ও ভারতভাবদীপ এই দুটি টীকা সহ
* **যক্ষপ্রশ্নঃ** (বাংলা লিপি) – পূর্বোক্তের সাথে উহার বঙ্গানুবাদ
* **মোক্ষসাধনসূত্রসংগ্রহঃ** - নারদভক্তিসূত্র, শাণ্ডিল্যভক্তিসূত্র, পাতঞ্জল-যোগ-সূত্র, বসুগুপ্তকৃত-শিবসূত্র ও বাদরায়ণকৃত-ব্রহ্মসূত্রের মূল
* **পাণিনীয়তন্ত্রে অসিদ্ধত্বাতিদেশৌ** - ২০১৬ সালে অক্টোবর মাসে আয়োজিত পাণিনীয় ব্যাকরণে রাষ্ট্রীয় সেমিনারের আলোচনা সত্রগুলির লিখিত রূপ
* **মহানারায়ণোপনিষৎ** – মূল উপনিষদের আন্ধ্র পাঠ এবং তার প্রতিপদার্থ, সরলার্থ
* **মহানারায়ণোপনিষৎ** – মূল উপনিষদের, পদার্থ, সরলার্থ, সায়ণাচার্য ভাষ্য ও ভাষ্যের বঙ্গানুবাদ সহ
* **অর্থসংগ্রহঃ** - মীমাংসাশাস্ত্রের প্রাথমিক বই। বঙ্গানুবাদ ও বিবৃতি বাংলা ব্যাখ্যা সহ
* **স্তোত্রমালা** - প্রচলিত পরম্পরাগত স্তোত্র সংগ্রহ (মূলমাত্র)
* **শ্রীমদ্ভগবদ্গীতা** (৩টি খণ্ড) – মূল শ্লোক, অন্বয়, বঙ্গানুবাদ, শ্রীধরস্বামীকৃত সুবোধিনীটীকা ও স্বামী জগদীশ্বরানন্দকৃত বঙ্গানুবাদ সহ
* **প্রাচীন-ভারতীয়-মনোবিদ্যা** (সামান্যাধ্যায়ঃ) - শ্রীদিনেশচন্দ্র রচিত যোগশাস্ত্র আশ্রিত গ্রন্থ
* **যুগাচার্য-বিবেকানন্দঃ** – স্বামী বিবেকানন্দের জীবনী, তাঁর স্তোত্র, উপদেশ প্রভৃতির সংগ্রহ


## বিশেষ দ্রষ্টব্য -

সাধুদের পরিচালনায় প্রার্থনারত ছাত্রবৃন্দ



* আধুনিক যুগোপযোগী গুরুকুল পদ্ধতিতে মানুষ গড়ে তোলার পরিবেশ। চরিত্রগঠনে উপযুক্ত সুশৃঙ্খল দিনচর্যা
* উন্নতমানের আধুনিক সুযোগ-সুবিধা যুক্ত সমৃদ্ধ প্রতিষ্ঠান
* সেরা শিক্ষকগণের নিকট শিক্ষা লাভের সুযোগ
* গরীব ও মেধাবী পড়ুয়াদের আর্থিক সহায়তা
* সংস্কৃত মাধ্যমে সংস্কৃত শিক্ষা। আধ্যাত্মিক ঐতিহ্য এবং সনাতন ভারত সম্পর্কে আদর্শ জ্ঞান দান
* UGC নির্দিষ্ট ঐচ্ছিক ক্রেডিট পদ্ধতি (Choice Based Credit Sytsem)। কম্পিউটার ও প্রাকৃতিক-ভাষা-বিশ্লেষণ (Natural Language Processing) এর শিক্ষা

কম্পিউটার প্রশিক্ষণ



* ঐচ্ছিক বিষয় (special paper)-এর পঠন স্নাতক তৃতীয় বর্ষেই শুরু
* UGC-NET পরীক্ষার জন্য নিঃশুল্ক প্রশিক্ষণ
* ব্যাকরণাদি শাস্ত্রে, বেদান্ত প্রভৃতি দর্শনে গবেষণার সুযোগ
* শিক্ষার্থীদের লেখালেখিতে উৎসাহিত করতে পত্র পত্রিকার প্রকাশ
* প্রতিভা বিকাশের জন্য মানসোল্লাসিনী-পরিষদ দ্বারা প্রতি শনিবার সংস্কৃতে গান, ভাষণ, অভিনয়, প্রবন্ধ-লেখন, বিতর্ক সভা প্রভৃতির আয়োজন
* শিক্ষক ও গবেষকদের জন্য মাসে দু-বার শারদা-শাস্ত্রার্থ-সভা। এবং শাস্ত্র জ্ঞান ও মেধা বৃদ্ধির জন্য সেমিনার, ওয়ার্কশপ, বিশেষ বক্তৃতা প্রভৃতির আয়োজন

* সুস্থ দেহ ও মন গঠনের জন্য যোগ ও জিমের ব্যবস্থা
* কেন্দ্রীয় গ্রন্থাগারের পাশাপাশি বিভাগীয় গ্রন্থাগারের সুবিধা
* গীতা, উপনিষদ ও বেদমন্ত্রের পারম্পরিক পাঠ ও আবৃত্তি শিক্ষা
* ছাত্রীদের জন্য পৃথকভাবে শিক্ষা এবং আবাসের ব্যবস্থা
* ইউটিউব – নিম্নলিখিত দুটি বিভাগীয় (YouTube) চ্যানেলে নিঃশুল্ক শাস্ত্র শোনার সুবিধা আছে
    * ১) Brahmayajna Mandira চ্যানেলে বেদ, ব্যাকরণ, ন্যায় প্রভৃতি শাস্ত্র ব্যাখ্যার ভিডিও
    * ২) Jnanayajna Mandira চ্যানেলে বিভিন্ন কর্মসূচীর (যেমন সংস্কৃত সপ্তাহ, শঙ্করাচার্য, স্বামীজী, রবীন্দ্রনাথ প্রভৃতি মনীষীদের জন্মজয়ন্তী পালনের) ভিডিও সংরক্ষিত

পারম্পরিক বেদ পাঠ ও আবৃত্তি



## যোগাযোগ

* **ঠিকানা** - বিভাগীয় প্রধান, সংস্কৃত ও দর্শন বিভাগ, IH - ৩১০, প্রজ্ঞা ভবন, স্কুল অফ ইণ্ডিয়ান হেরিটেজ, রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শিক্ষা ও গবেষণা সংস্থা, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২
  **দূরবাণী** - ০৩৩-২৬৫৪৯৯৯৯ **মোবাইল** - ৮২৩০৮৬৪২৩৮
* **ই-মেল** - sanskrit@gm.rkmvu.ac.in
* **ওয়েবসাইট** – sanskrit.rkmvu.ac.in




## একটি আবেদন

সংস্কৃত শিক্ষার এই মহান জ্ঞানযজ্ঞে সহযোগিতার জন্য সংস্কৃতপ্রেমী, ভারতীয় ঐতিহ্যে বিশ্বাসী এবং শুভচিন্তকদের সাদর আমন্ত্রণ জানাচ্ছে সংস্কৃত ও দর্শন বিভাগ। আপনার অবদানগুলি যেমন -

* দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা ও ছাত্রাবাসের খরচ বহন করা (ছাত্রপিছু মাসিক মাত্র ৪৫০০/-)
* খাতা, পাঠ্য-পুস্তক, ক্রীড়া সামগ্রী, শীতের পোষাক প্রভৃতির জন্য আর্থিক সহযোগিতা
* সেমিনার, কর্মশালা, বিশেষ বক্তৃতা প্রভৃতি আয়োজনের জন্য অনুদান
* প্রিয় ব্যক্তির স্মরণে অর্থ তহবিল করা
* বই ছাপানো ও কেনার জন্য অনুদান
* প্রতিযোগিতায় পুরস্কারের জন্য অনুদান
* সংস্কৃত শিবির আয়োজনের জন্য (সংস্কৃত ভাষা ও সংস্কৃতির প্রচারের উদ্দেশ্যে) অনুদান

আপনার দান আয়কর আইনের 80G (2)(a)(iiif) ধারায় 100% আয়করমুক্ত। চেক/ ডিডি/এম ও "Ramakrishna Mission Vivekananda University" নামে পাঠাতে হবে

**Bank details for e-transfer**

1. Name of Beneficiary : Ramakrishna Mission Vivekananda University
2. Bank Name : Punjab National Bank
3. Branch : Belur Math, Howrah
4. Branch Code : 036520
5. IFSC/ RTGS/NEFT Code : PUNB0036520
6. MICR Code: 700024189
7. Beneficiary A/C No. : 0365010090689

অনলাইন মারফত অনুদান পাঠালে নাম, ঠিকানা, PAN No. ও অর্থের পরিমাণ ই-মেইল বা ডাকযোগে জানাবেন